

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 159/WBHC/SKC/2018

Date: 03.12.2018


Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 02.12.2018, the news item is captioned 'হোমে যৌন নির্যাতন 8 প্রতিবন্ধী কিশোরীকে, গ্রেফতার ৩'.

Superintendent of Police(Rural), Howrah is directed to enquire into the matter and to furnish a report by 8th January, 2019.


Director, Social Welfare Department, Govt. of West Bengal is also directed to look into the matter and to furnish a report by 8th January, 2019.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

3/12/18

হোমে যৌন নির্ধাতন ৪ প্রতিবন্ধী- কিশোরীকে, গ্রেফতার ৩

সুত্রত জানা ও নুরুল আবসার

জয়পুর: হোমে থাকা মহিলা-কিশোরীরা কতটা নিরাপদ তা নিয়ে বারবার প্রশ্ন উঠেছে। সেই প্রশ্ন আরও একবার উঠল হাওড়ার জয়পুরের একটি হোমের চার প্রতিবন্ধী কিশোরীকে যৌন নির্ধাতনের অভিযোগ ঘিরে। পুলিশ হোমের তিন কর্মীকে গ্রেফতার করেছে।

কিছু দিন আগেই বিহারের ১৭টি 'শেপটার হোম'-এ যৌন অত্যাচারের বিষয় সামনে এসেছে। বছর ছয়েক আগে হুগলির গুড়াপুরের একটি হোমে মানসিক ভারসাম্যহীন আবাসিক যুবতীকে খুনের ঘটনাকে ঘিরে ভোলপাড় হয়েছিল এ রাজ্যেও। তার পরে সরকারি স্তরে পরিদর্শনে জোর দেওয়া হলেও নানা হোমের বিরুদ্ধে অভিযোগ ওঠা থাকেনি। এ বার আলোচনায় জয়পুরের পারবাকসির ওই বেসরকারি হোম।

দিন কয়েক আগে হোমটি পরিদর্শনে যান জেলা শিশু সুরক্ষা আধিকারিক। আবাসিকদের কাছ থেকে তিনি যৌন নির্ধাতনের কথা জানতে পারেন। তার পরেই পুলিশে অভিযোগ দায়ের হয়। পুলিশ জানায়, ধৃতেরা হল ওই হোমের কেয়ারটেকার ফণীমোহন বাগ, কর্মী প্রতাপ প্রামাণিক এবং গাড়ি চালক বাবলু খাড়া। ধৃতদের বিরুদ্ধে 'পকসো' আইনের ধারায় মামলা রুজু করা হয়েছে। ধৃতদের শনিবার উলুবেড়িয়া আদালতে হাজির করানো হয়। বিচারক তাদের পাঁচ দিন পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দেন। আদালতে ওই কিশোরীদের গোপন জবানবন্দি নেওয়া হয়। ঘটনায় আর কেউ জড়িত কি না, তা দেখা হচ্ছে বলে জানান হাওড়া (গ্রামীণ) জেলা পুলিশ সুপার গৌরব শর্মা।

হোমটির সম্পাদক তথা কর্ণধার সুব্রহ্মার সাউ দাবি করেছেন, অভিযোগের কথা কিছুই জানতেন না। তিনি বলেন, "আমি মাঝেমধ্যে ওখানে যাই। মানসিক প্রতিবন্ধী মহিলাদের দেখভালের ক্ষেত্রে আমরা সরকারের সব রকম নিয়ম মেনে চলি। কী ভাবে যৌন নির্ধাতনের অভিযোগ উঠল, বুঝতে পারছি না।" প্রায় একই দাবি হোমের সুপার সুকেশ দাসেরও।

হোমটি বছর কুড়ি ধরে চলছে। বর্তমানে ১৯০ জন আবাসিক প্রতিবন্ধী কিশোরী থাকে। যে চার কিশোরী নির্ধাতিত হয়েছে বলে অভিযোগ, তাদের মধ্যে তিন জন মানসিক প্রতিবন্ধী, এক জন শ্রবণ প্রতিবন্ধী। তারা বছর দুয়েক ধরে রয়েছে বলে হোম সূত্রের খবর। প্রায় দু'বছর আগে হোমটি পরিদর্শনের সময়েও আবাসিক কিশোরীদের নিরাপত্তার অভাব, নজরদারির ঘাটতি-সহ কিছু জটিল মিলেছিল বলে পুলিশের দাবি। পুলিশের সঙ্গে সেই

এর পর পৃষ্ঠ ৫

গ্রেফতার ৩

► পৃষ্ঠা ১-এর পর

পরিদর্শনে ছিলেন আমতা-২ ব্লক প্রশাসনের কর্তারাও। জেলা পুলিশের এক কর্তা জানান, তখনও হোমের কর্মী প্রতাপের বিরুদ্ধে আপত্তিকর আচরণের অভিযোগ জানিয়েছিল কিছু আবাসিক। প্রতাপের উপরে কিশোরীদের রক্ষণাবেক্ষণের ভার অনেকটাই ছিল। যা থাকার কথা নয়। এ সংক্রান্ত পুরো রিপোর্ট রাজ্য সমাজকল্যাণ দফতরে পাঠানো হয়েছিল। কিন্তু ওই পরিদর্শনের পরেও কেন হোমে নিরাপত্তা বাড়ানো হল না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়েরা। জেলাশাসক চেতালি চক্রবর্তীর দাবি, “নিয়মিত পরিদর্শন চলে। পরিদর্শনের ফলেই পারবাকসির হোমের ঘটনা সামনে এসেছে। পরিদর্শন আরও বাড়ানো হবে।” ওই হোম কর্তৃপক্ষ অবশ্য কোনও ক্রটির কথা মানেননি। সম্পাদকের দাবি, “প্রতাপ প্যারামেডিক্যাল প্রশিক্ষণপ্রাপ্ত বলে আবাসিকদের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়ার প্রয়োজন হলে তাকে সঙ্গে রাখা হত।”

আতঙ্ক আশ্রয়ে

- কবে: জুলাই, ২০১২
 - কোথায়: হুগলির গুড়াপের বেসরকারি হোম।
 - কী: মাটি খুঁড়ে মিলেছিল আবাসিক যুবতীর পচাগলা দেহ। ধর্ষণে বাধা দেওয়ায় খুনের অভিযোগ।
 - ব্যবস্থা: হোম ‘সিল’। ধৃত সম্পাদক ও তার সহযোগীর যাবজ্জীবন।
-
- কবে: অগস্ট, ২০১৫
 - কোথায়: দক্ষিণ দিনাজপুরের হিলির তিওড়ের বেসরকারি হোম।
 - কী: কর্ণধারের বিরুদ্ধে আবাসিক কিশোরীদের ধর্ষণের অভিযোগ।
 - ব্যবস্থা: হোম ‘সিল’। কর্ণধার ধৃত। মামলা চলছে।
-
- কবে: অক্টোবর, ২০১৫
 - কোথায়: নদিয়ার কুক্ষনগরের সরকারি হোম।
 - কী: এক নাবালিকা আবাসিককে একাধিক বার ধর্ষণে অভিযুক্ত নিরাপত্তারক্ষী।
-
- ব্যবস্থা: কুড়ি বছরের কারাদণ্ড।
 - কবে: জানুয়ারি, ২০১৬
 - কোথায়: কোচবিহারের বাবুরহাটের সরকারি হোম।
 - কী: এক আবাসিক কিশোরীকে ধর্ষণ এবং আর এক জনকে যৌন হেনস্তার অভিযুক্ত অস্থায়ী কর্মী।
 - ব্যবস্থা: অভিযুক্ত ধৃত। সুপার ও আধিকারিককে শোকজ।
-
- কবে: জুলাই ২০১৬
 - কোথায়: বর্ধমানের সরকারি হোম।
 - কী: মারধর, আটকে রাখার অভিযোগে দুই মহিলা আবাসিক পালান।
 - ব্যবস্থা: কোনও ব্যবস্থা হয়নি।
-
- কবে: মে, ২০১৭
 - কোথায়: বর্ধমানের সরকারি হোম।
 - কী: মারধরের অভিযোগে জানলার রড ভেঙে দুই আবাসিক পালান।
 - ব্যবস্থা: কোনও ব্যবস্থা হয়নি।